

খরা ব্যবস্থাপনায় আখ চাষ করণীয়



- খরা সহিষ্ণু আখজাত যেমন বিএসআরআই আখ ৪৩, বিএসআরআই আখ ৪৫ এবং বিএসআরআই আখ ৪৬ এর চাষ করতে হবে।
- ৩০ নভেম্বরের মধ্যে ২৫-৩০ সেমি. গভীর নালায় আখ রোপণ আখ রোপণ সম্পন্ন করতে হবে।
- আখ রোপণের সময় সুপারিশকৃত মাত্রায় রাসায়নিক এবং জৈব সার প্রয়োগ নিশ্চিত করতে হবে।
- খরাকালিন সময় বিঘা প্রতি অতিরিক্ত ৮-১০ কেজি এমওপি সার আখে গোড়ায় প্রয়োগ করে মাটির সাথে মিশিয়ে দিলে আখ ফসলকে খরা থেকে রক্ষা করা সম্ভব।
- আখ রোপণের সময় আখের গোড়ায়/নালায় ১৫-২০ সেমি পুরু ট্রাস দিয়ে ঢেকে দিতে হবে। আখের গোড়ায় মালচিং করা হলে পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি পায় এবং খরা মোকাবেলা সহজ হয়।
- সেচ সুবিধা থাকলে খরার সময় সেচ দিতে হবে।
- সেচ সুবিধা না থাকলে খরা চলাকালীন সময় আখ গাছের নিচের ২/৩ ভাগ বয়স্ক পাতা কেটে দিলে আখ গাছ থেকে পানি কম বের হবে এবং খরা থেকে আখ ফসল রক্ষা করা সম্ভব হবে।
- ঝেড়ো হাওয়ায় নষ্ট হওয়া পাতা কেটে পরিষ্কার করে দিতে হবে এবং হেলে পড়া আখের ঝাড়গুলি দ্রুত সোজা করে তুলে দিতে হবে।
- বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) এর প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহ / নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস (ডিএই) / বিএডিসি অফিসে যোগাযোগ করুন।
অথবা ওয়েবসাইট এ দেয়া নাম্বারে যোগাযোগ করুন। ওয়েবসাইট : www.bsri.gov.bd



বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।